

ঢাকা ওয়াসা

বিষয় : Yearly maintenance and servicing of the existing conference & PA systems at multipurpose hall, Dhaka WASA.

০২।

২০২৪-২৫ ইং অর্থ বছরের ক্রয় পরিকল্পনার কপি।

০৪।

পূর্ব অনুমোদনের কপি।

০৬।

কোটেশন।

০৮।

প্রাক্কলন।

১। উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ওয়াসা ভবনের চতুর্থ তলায় অবস্থিত মাল্টিপারপাস হল তুরাগ ও শীতলক্ষ্যা মাইক্রোফোন কন্ট্রোলার সম্বলিত ডিজিটাল কনফারেন্স সিস্টেম চালু আছে। তুরাগ ও শীতলক্ষ্যা হলে স্থাপিত কনফারেন্স সিস্টেমে যথাক্রমে ১৮টি এবং ৫৪ টি মাইক্রোফোন রয়েছে। ডিজিটাল কনফারেন্স সিস্টেম এর সার্ভিসিং ও রক্ষণাবেক্ষণ চুক্তির মেয়াদ গত ৩১/০৩/২০২৫ইং তারিখে শেষ হয়েছে। পূর্বের কাজের ধারাবাহিকতায় সার্ভিসিং কাজ অব্যাহত রাখা হয়েছে। ডিজিটাল কনফারেন্স সিস্টেম সুষ্ঠু পরিচালনা এবং রক্ষণাবেক্ষণ করার জন্য ০১/০৪/২০২৫ইং তারিখ হতে ৩১/০৩/২০২৬ইং তারিখ পর্যন্ত মোট ১২ মাসের জন্য পুনরায় চুক্তি করা প্রয়োজন। তুরাগ ও শীতলক্ষ্যা হলে প্রায় প্রতিদিনই কোন আলোচনা সভা/ট্রেনিং প্রোগ্রাম হয়ে থাকে। তাছাড়া প্রায়ই ওয়ার্ল্ড ব্যাংক, এডিবি, জাইকাসহ বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার উর্ধ্বতন কর্মকর্তাগণ ওয়াসা ভবন পরিদর্শনে আসেন। কনফারেন্স সিস্টেম এ ত্রুটি দেখা দিলে আলোচনা সভায় বিঘ্ন ঘটে যা বিদেশী বা বাহিরের অতিথিদের সামনে ঢাকা ওয়াসার ভাবমূর্তি ক্ষুণ্ণ করে। মাল্টিপারপাস হলে অনুষ্ঠিত সভা বা অন্যান্য প্রোগ্রাম সুষ্ঠুভাবে সম্পাদনের স্বার্থে চেয়ারম্যান ইউনিট ও ডেলিগেট ইউনিটগুলো প্রতিনিয়ত সার্ভিসিং ও রক্ষণাবেক্ষণ করা জরুরী প্রয়োজন।

২। Communications Technology Ltd. তুরাগ ও শীতলক্ষ্যা হলে স্থাপিত কনফারেন্স সিস্টেম এর একমাত্র সরবরাহকারী এবং বাংলাদেশের লোকাল এজেন্ট হওয়ায় কাজটি উক্ত প্রতিষ্ঠান এর মাধ্যমে সম্পন্ন করা প্রয়োজন। কনফারেন্স ও পিএ সিস্টেম এর বাৎসরিক সার্ভিসিং ও রক্ষণাবেক্ষণ কাজটি সম্পাদন করার লক্ষ্যে Communications Technology Ltd. হতে কোটেশন সংগ্রহ করা হয়েছে। প্রাপ্ত কোটেশন এর ভিত্তিতে প্রতি মাসে কনফারেন্স ও পিএ সিস্টেম সার্ভিসিং ও রক্ষণাবেক্ষণ (মাসিক ৪০,০০০/- টাকা হারে) এর ভিত্তিতে একটি প্রাক্কলন উপস্থাপন করা হয়েছে যাতে ১২ মাসের জন্য ব্যয়ের পরিমাণ দাঁড়িয়েছে সর্বমোট (৪০,০০০X১২) = ৪,৮০,০০০/- (চার লক্ষ আশি হাজার) টাকা মাত্র (ভ্যাট সংযুক্ত)। আলোচ্য কাজের ব্যয়ভার সিএম বিভাগের ২০২৫-২০২৬ ইং অর্থ-বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনায় অর্ন্তভুক্তির সাপেক্ষে ব্যয় নির্বাহ করা হবে। পি.পি.আর.-২০০৮ এর ৭৬(১)(ট) ধারা অনুযায়ী সরাসরি চুক্তির আওতায় “Communications Technology Ltd” এর মাধ্যমে কাজটি সম্পন্ন করা যেতে পারে।

৩। এমতাবস্থায়, **Yearly maintenance and servicing of the existing conference & PA systems at multipurpose hall, Dhaka WASA.** কাজটি পি.পি.আর.২০০৮ এর ৭৬(১)(ট) ধারা অনুযায়ী সরাসরি চুক্তির আওতায় ০১/০৪/২০২৫ হতে ৩১/০৩/২০২৬ পর্যন্ত মোট ১২ মাসের জন্য Communications Technology Ltd. এর মাধ্যমে সম্পাদনের লক্ষ্যে প্রাক্কলিত সর্বমোট ৪,৮০,০০০/- (চার লক্ষ আশি হাজার) টাকার প্রাক্কলনটির আর্থিক, কারিগরি ও প্রশাসনিক সদয় অনুমোদন দেয়া যেতে পারে যা অনুমোদনের ক্ষমতা ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের আওতাধীন।

২০/০৪/২০২৫
মোহাম্মদ রিয়াজুল ইসলাম
উপ-সহকারী প্রকৌশলী
সি এম বিভাগ
ঢাকা ওয়াসা।

২০/০৪/২৫
মুজা সাহা
নির্বাহী প্রকৌশলী
সি এম বিভাগ
ঢাকা ওয়াসা।

২০/০৪/২৫
মোঃ ইকবাল হোসেন মঞ্জুরদার
তত্ত্বাবধায়ক প্রকৌশলী (চঃ দঃ)
এস.এম.উত্তর সি সার্কেল,
ঢাকা ওয়াসা।

২৫/৪/২০২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম খান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

২৫/৪/২০২৫
প্রকৌশলী মোঃ আব্দুস সালাম খান
উপ-ব্যবস্থাপনা পরিচালক (পরিচালন ও রক্ষণাবেক্ষণ)
ঢাকা ওয়াসা।

২৫/৪/২০২৫
৫ LTM ৫-বক্তৃতা
DMS/LOAN

২৫/৪/২০২৫
DMS (৫+৩)

২৫/৪/২০২৫
মোঃ ফজলুর রহমান
ব্যবস্থাপনা পরিচালক
ঢাকা ওয়াসা।